

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
মেডিকেল-১ শাখা
www.moha.gov.bd

স্মারক নং-৪৪.০০.০০০০.০০০.২৫৪.২৮.০০০১.২৩-৩৬

তারিখ: ১৮ ফাল্গুন ১৪৩২
০৩ মার্চ ২০২৬

প্রজ্ঞাপন

দেশের অভ্যন্তরে স্নাতকোত্তর চিকিৎসা শিক্ষা ও তদুদ্দেশ্যে প্রশিক্ষণ সম্পর্কিত প্রেষণ নীতিমালা-২২ (সংশোধিত) অনুযায়ী নিম্নবর্ণিত কর্মকর্তার অনুকূলে তার নামের পাশে বর্ণিত মেয়াদে ও প্রতিষ্ঠানে উচ্চতর কোর্সে অধ্যয়নের লক্ষ্যে মেয়াদে নিম্নোক্ত শর্তাবলির আলোকে প্রেষণ মঞ্জুর করা হলোঃ

ক্রঃনং	নাম, সিআইডি ও বর্তমান কর্মস্থল	কোর্সের নাম ও প্রতিষ্ঠানের নাম	প্রেষণের মেয়াদ
১.	ডা. মোস্তারিফা উম্মে হানী সিআইডি নং-৯২২৩২৩৯৮৪০ মেডিকেল অফিসার, কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল, রাজারবাগ, ঢাকা	ডিপ্লোমা ইন চাইল্ড হেলথ (নন রেসিডেন্সি), প্রতিষ্ঠানের নামঃ ডা. এম আর খান শিশু হাসপাতাল এন্ড ইনস্টিটিউট অব চাইল্ড হেলথ, ঢাকা	১ (এক) বছর ৬ (ছয়) মাস

শর্তাবলি:

- প্রেষণকালে সংশ্লিষ্ট চিকিৎসক কর্তব্যরত রয়েছেন বলে গণ্য হবেন;
- প্রেষণকালীন তিনি অধ্যয়নরত প্রতিষ্ঠানে চিকিৎসা সেবা প্রদান অব্যাহত রাখবেন;
- প্রেষণকালীন সংশ্লিষ্ট চিকিৎসককে পুলিশ অধিদপ্তরের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি) হিসাবে নিয়োগ করা হবে এবং তিনি প্রচলিত নিয়ম অনুযায়ী বেতন ভাতাদি পাবেন;
- প্রেষণপ্রাপ্ত কর্মকর্তা ডিগ্রি অর্জন করার পর ন্যূনতম ৫ (পাঁচ) বছর পুলিশ অধিদপ্তরে কর্মরত থাকবেন মর্মে মুচলেকা দাখিল করবেন;
- তিনি প্রেষণে থাকাকালীন প্রাইভেট প্র্যাকটিস করতে পারবেন না, এর ব্যত্যয় হলে সংশ্লিষ্ট চিকিৎসকের বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গৃহীত হবে;
- অনুমোদিত প্রেষণ শেষে তিনি নির্ধারিত সময়ে পুলিশ অধিদপ্তরে যোগদান করবেন এবং ১৫ (পনের) দিনের মধ্যে এ মন্ত্রণালয়ে কোর্স সমাপনী প্রতিবেদন দাখিল করবেন;
- আবেদনকারীর আবেদনে উল্লিখিত কোনো তথ্য 'দেশের অভ্যন্তরে স্নাতকোত্তর চিকিৎসা শিক্ষা ও তদুদ্দেশ্যে প্রশিক্ষণ সম্পর্কিত প্রেষণ নীতিমালা-২২ (সংশোধিত)' অনুযায়ী ভুল/মিথ্যা প্রমাণিত হলে প্রেষণাদেশ বাতিল করা হবে;
- কোর্স চলাকালে বিদেশ ভ্রমণের প্রয়োজন হলে এ বিভাগের অনুমতি গ্রহণ করবেন;
- সরকার জনস্বার্থে যে কোনো সময় তার প্রেষণাদেশ বাতিল করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ শফিকুল ইসলাম
সহকারী সচিব

ফোন: +৮৮০২২২৩৩০৪০৫০৪


E-mail: medical1@moha.gov.bd

স্মারক নং-৪৪.০০.০০০০.০০০.২৫৪.২৮.০০০১.২৩-৩৬/১(৯)

তারিখ: ১৮ ফাল্গুন ১৪৩২
০৩ মার্চ ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধান মন্ত্রীর মুখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়
- ২) সিনিয়র সচিব/সচিব.....
- ৩) পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা
- ৪) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৫) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৬) বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা.....
- ৭) উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা
- ৮) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৯) জনাব.....


(মোঃ শফিকুল ইসলাম)
সহকারী সচিব